

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭১৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

আরবী

رَعَنْ يَعِيشَ

بْنِ طِخْفَةَ بْنِ قَيْسٍ الْغِفَارِيِّ عَن أبيهِ _ وَكَانَ مِنْ أَصِحَابِ الصُّفَّةِ _ قَالَ: بَيْنَمَا أَنَا مُضْطَجِعٌ مِنَ السَّحَرِ عَلَى بَطْنِي إِذَا رَجُلٌ يحركني بِرجلِهِ فَقَالَ: «هَذِهِ ضِجْعَةٌ يَبْغَضهُا اللَّهُ» فَنَظَرْتُ فَإِذَا هُوَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ أَبُو دَاوُد وَابْن مَاجَه

বাংলা

8৭১৯-[১৩] ইয়া'ঈশ ইবনু ত্বিখফাহ্ ইবনু কায়স আল-গিফারী (রহিমাহুল্লাহ) তাঁর পিতা হতে বর্ণনা করেন, তিনি (ত্বিখফাহ্ ইবনু কায়স আল-গিফারী) আসহাবে সুফফাদের মধ্যে অন্যতম ছিলেন। তিনি বলেন, আমি একদিন বুকের ব্যথার কারণে উপুড় হয়ে শুয়ে ছিলাম। এমন সময় এক ব্যক্তি তাঁর পা দ্বারা নাড়া দিয়ে আমাকে বললেনঃ এরূপ শয়নে আল্লাহ তা'আলা অসম্ভেষ্ট হন। তখন আমি তাকিয়ে দেখলাম, তিনি স্বয়ং রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। (আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫০৪০, ইবনু মাজাহ ৩৭২৩, 'নাসায়ী'র কুবরা ৬৬১৯, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩০৮০, আল আহাদীস আল মুখতারাহ্ লিয্ যিয়া আল মাকদিসী ১৪৬, আল আদাবুল মুফরাদ ১১৮৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৮১৫৩, হিলইয়াতুল আওলিয়া ১/৩৭৪ পৃঃ, শু'আবুল ঈমান ৪৭২১, মুসনাদে আহমাদ ১৫৫৪৩, সহীহুল জামি' ৪০৩৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আহলে সুফফার পরিচয়, বলা হয় যে সকল গরিব সাহাবী মসজিদে নাবাবীর বারান্দায় অবস্থান করতেন তাদেরকে আহলে সুফফাহ্ বলে। তারা জ্ঞান অর্জনের জন্য নিজেদের জীবন উৎসর্গ করে দিয়েছিল। দুনিয়ার প্রতি তাদের আসক্তি ছিল না। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হাদিয়া স্বরূপ যা আসতো তারা তাই



আহার করত। এরা সংখ্যায় ৭০ বা তার কিছু বেশি।

(يحركني برجله) ইসলামী শারী আতের সংস্কৃতির প্রবর্তক রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কেন শায়িত লোকটিকে পা দিয়ে নাড়াচাড়া করলেন। এরূপ করার রহস্য হলো :

- ক. ত্বিখফাহ্ ছিলেন অসুস্থ। একদিন তার ভীষণ বুক ব্যথা হয়। ফলে তিনি মসজিদে নাবাবীতে উপুড় হয়ে শুয়ে পড়েন। কারণ উপুড় হয়ে শয়ন করলে বুকে পেটে চাপ পড়লে কিছুটা আরামবোধ হয়। কিন্তু এরূপ শয়ন আল্লাহ তা'আলা পছন্দ করেন না, তাই রসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাকে পা দিয়ে নাড়া দিলেন এবং উপুড় হয়ে না শোয়ার জন্য সতর্ক করলেন। এ মতটি অধিক গ্রহণযোগ্য।
- খ. জাহিলী যুগে 'আরবদের ধারণা ছিল কোন ব্যক্তিকে জীন-ভূত আসর করলে অথবা মৃগী রোগে আক্রান্ত হলে তাকে পা দিয়ে নাড়া দিলে সে ভালো হয়ে যেত। সম্ভবত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কারণেই তাকে পা দিয়ে নাড়া দিয়েছিলেন।
- গ. হয়তো বা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটতে গিয়ে তার শরীরে পা লেগে গিয়েছিল।(মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইয়া'ঈশ ইবনু ত্বিখফাহ্ ইবনু কায়স আল-গিফারী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন